গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
# ভেড়ামারা সরকারি কলেজ
**Bheramara Government College**
ভেড়ামারা, কুষ্টিয়া।
bheramara.college.gov.bd

স্মারক নং: বিজিসি/ বিজ্ঞপ্তি/২৬/

তারিখ: ০১ ভাদ্র, ১৪৩৩ বঙ্গাব্দ
১৬ আগস্ট, ২০২৬ খ্রিস্টাব্দ

## ২০২৫-২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তির প্রাথমিক আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তিঃ

এতদ্দ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৫-২৬ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) ১ম বর্ষের ভর্তির অনলাইন প্রাথমিক আবেদনের সময়সসীমা নির্ধারণ করেছে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। শিক্ষার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (nu.ac.bd/admissions) হতে ভর্তি আবেদন ফরম পূরণ ও কলেজের ওয়েবসাইট হতে অনলাইনে আবেদন ফিস প্রদানপূর্বক আবেদন সম্পন্ন করতে হবে।

### যেভাবে ভর্তি আবেদন সম্পন্ন করতে হবে:

- জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (nu.ac.bd/admissions) এর Degree Pass অপশনের **Apply Now (Degree Pass)**-এ ক্লিক করলে ভর্তির আবেদন ফরম ওপেন হবে। ফরমে প্রয়োজনীয় তথ্য যথাযথভাবে পূরণ করে ডাউনলোড করতে হবে।
- ভর্তির প্রাথমিক আবেদন ফরমপূরণ ও ডাউনলোড করার পর ভেড়ামারা সরকারি কলেজের ওয়েবসাইট (bheramara.college.gov.bd)-এ প্রবেশ করে **"কলেজ পেমেন্ট"** মেনু হতে ডিগ্রি (পাস) অপশনের **"ভর্তির প্রাথমিক আবেদন ফিস"** এ ক্লিক করলে পেমেন্টের পেজ ওপেন হবে উক্ত পেজে প্রয়োজনীয় তথ্য প্রদান করে ফিস পেমেন্ট করতে হবে। ভর্তির প্রাথমিক আবেদন ফিস ১০০০.০০ (এক হাজার টাকা) টাকা মাত্র। **পেমেন্ট করার শেষ তারিখ যাবে ১৬ সেপ্টেম্বর, ২০২৬ খ্রি, বুধবার দুপুর ১২:০০ টা পর্যন্ত।**
- ফিস পেমেন্টের পর ভর্তির প্রাথমিক আবেদন ফরম ও ফিস পেমেন্ট কপি শিক্ষার্থী নিজে সংরক্ষণ করবে।
- পেমেন্ট সম্পন্ন হলে ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে কলেজ কর্তৃক শিক্ষার্থীর প্রাথমিক আবেদন নিশ্চায়ন করা হবে। নিশ্চায়ন সম্পন্ন হলে, নিশ্চায়ন সম্পন্ন সংক্রান্ত এসএমএস শিক্ষার্থীর আবেদনের সময় প্রদত্ত মোবাইল নম্বরে যাবে। ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে এসএমএস না পেলে অবশ্যই শিক্ষার্থীকে কলেজের প্রধান সহকারী জনাব জুয়েল রানা'র সাথে (কক্ষ নং ১০২) যোগাযোগ করতে হবে।

বি: দ্রঃ নির্ধারিত সময়ের মধ্যে ভর্তির প্রাথমিক আবেদন ও ফিস পেমেন্ট কার্যক্রম সম্পন্ন করার জন্য বলা হলো।
বিশেষ প্রয়োজনে যোগাযোগ করুন ০১৭১২০৮১১১৩ এই নম্বরে (১০:০০ টা হতে ০৩:০০ **Only WhatsApp**)।

১৫/০৮/২৬
(জুয়েল রানা)
প্রধান সহকারী
ভেড়ামারা সরকারি কলেজ
ভেড়ামারা, কুষ্টিয়া।

(প্রফেসর মোঃ আব্দুস সাত্তার)
আইডি নং-০০০০৬৭৫৫
অধ্যক্ষ
ভেড়ামারা সরকারি কলেজ
ভেড়ামারা, কুষ্টিয়া।

প্রফেসর মোঃ আব্দুস সাত্তার
আইডি নং-০০০০৬৭৫৫
অধ্যক্ষ
ভেড়ামারা সরকারি কলেজ
ভেড়ামারা, কুষ্টিয়া।